

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ অফিস
আশকোনা, বিমানবন্দর, ঢাকা।

নং-হঅঢা-৭/১২৪/২০১৪/২৩০


তারিখ- ০৪ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ
১৮ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ

বিষয় : হজ্জ ২০১৪ খ্রি: (১৪৩৫ হিজরী) সালে বাংলাদেশী হজ্জ এজেন্সীর মোবাইল নম্বর প্রসঙ্গে।

সূত্র : বাহমি/হউ/এইচএমও-০৫/২০১২/২১৭, তাং-১৬/০৬/২০১৪ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিশ্রেক্ষিতে (কপি সংযুক্ত) হজ্জ অফিস, জেদ্দা, সৌদি আরব হতে জানানো হয়েছে যে, ২০১৪ সালের হজ্জ বাংলাদেশ থেকে হজ্জ কার্যক্রম পরিচালনাকারী হজ্জ এজেন্সীর মালিক/প্রতিনিধির সৌদি আরবে সচল মোবাইল ফোন নম্বর হজ্জ মন্ত্রণালয়ের রেজিস্ট্রেশনের ক্ষেত্রে অপরিহার্য। হজ্জ এজেন্সীর বাড়ীভাড়া সম্পাদন, ক্যাটারিং সার্ভিসসহ সকল কার্যক্রম পরিচালনা এব সর্বশেষ অবস্থা উক্ত মোবাইল ফোনে ম্যাসেজের মাধ্যমে অবহিত করা হবে। তাই সৌদি আরবে সচল মোবাইল নম্বর অবশ্যই প্রেরণ করতে হবে। সৌদি আরবের কোন মোবাইল নম্বর না থাকলে সে ক্ষেত্রে বাংলাদেশের মোবাইল নম্বরটি রোমিং হতে হবে যা তিনি সৌদি আরবে অবস্থানকালে ব্যবহার করে তার কাজের সর্বশেষ অবস্থা সম্পর্কে অবহিত হতে পারেন। মোবাইল নম্বর ব্যতিত রেজিস্ট্রেশন সম্পন্ন করা সম্ভব হবে না। হজ্জ কার্যক্রমে অংশ গ্রহণকারী সকল এজেন্সীর মালিক/প্রতিনিধিকে আগামী ১৯/০৬/২০১৪ খ্রি: তারিখের মধ্যে হজ্জ অফিস, ঢাকার ই-মেইল নম্বর- govhajj@gmail.com তে এজেন্সীর নাম, মোনাঙ্জের নামসহ মোবাইল নম্বর প্রেরণের জন্য অনুরোধ করা হল। সে সকল হজ্জ এজেন্ট মোবাইল নম্বর প্রেরণ করতে ব্যর্থ হবেন তাদের হজ্জযাত্রী প্রেরণে কোন সমস্যা সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট এজেন্টকে বহন করতে হবে।

২। এমতাবস্থায়, জরুরী ভিত্তিতে প্রত্যেক হজ্জ এজেন্সির মালিককে (কপিসহ) বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হল।


(মো: মিজানুর রহমান)
পরিচালক
(উপ-সচিব)
ফোন : ৮৯৫৮৪৬২।

সভাপতি/মহাসচিব,
হজ্জ এজেন্সিজ অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ(হাব),
সান্তারা সেন্টার, ১৬তম তলা, হোটেল ভিক্টরী, ৩০/এ, নয়াপল্টন,
ঢাকা।

নং-হঅঢা-৭/১২৪/২০১৪/২৩০

তারিখ- ০৪ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ
১৮ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ

অনুলিপি :

১। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মো: মিজানুর রহমান)
পরিচালক।

অতিব জরুরী
হুজ্জ সর্বোচ্চ অধাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ হুজ্জ অফিস
জেদ্দা, সৌদি আরব।।


নং-বাহমি/হউ/এইচএমও-০৫/২০১২/২১৭

তারিখ : ১৬.০৬.২০১৪ খ্রিঃ

বিষয় : হুজ্জ ২০১৪ (১৪৩৫ হিজরী) সালে বাংলাদেশী হুজ্জ এজেন্টের মোবাইল নম্বর প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হুজ্জ ২০১৪ খ্রিঃ (১৪৩৫ হিজরী) মৌসুমে বাংলাদেশ থেকে হুজ্জ কার্যক্রম পরিচালনাকারী হুজ্জ এজেন্টের তালিকায় মোবাইল নম্বর চাওয়া হলেও তালিকায় কোন এজেন্টের মালিক/প্রতিনিধির মোবাইল নম্বর নেই। অথচ এজেন্টের যাবতীয় তথ্যাবলী হুজ্জ মন্ত্রণালয়ে রেজিস্ট্রেশনের ক্ষেত্রে মোবাইল নম্বর অপরিহার্য। কেননা হুজ্জ এজেন্টের বাড়ী ভাড়া সম্পাদন, ক্যাটারিং সার্ভিসসহ সকল কার্যক্রম পরিচালনা এবং সর্বশেষ অবস্থা মোবাইল ফোনে ম্যাসেজের মাধ্যমে তাকে অবহিত করা হবে। এজেন্টের মালিক/প্রতিনিধির নিজস্ব ব্যবহারের জন্য সৌদি আরবের কোন মোবাইল নম্বর না থাকলে বাংলাদেশের মোবাইল নম্বর দিতে হবে এবং সে ক্ষেত্রে উক্ত মোবাইল নম্বরটি রোমিং হতে হবে যা তিনি সৌদি আরবে অবস্থানকালে ব্যবহার করে তার কাজের সর্বশেষ অবস্থা সম্পর্কে অবহিত হতে পারবেন। উল্লেখ্য যে, এ বছর বাড়ী ভাড়া, ক্যাটারিং সার্ভিস এবং পরিবহন চুক্তি অশু লাইমের মাধ্যমে সম্পন্ন হবে।

২। এমতাবস্থায়, হুজ্জ কার্যক্রম পরিচালনাকারী সকল হুজ্জ এজেন্টের মোবাইল নম্বর প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ আসাদুজ্জামান)
কাউন্সেলর (হুজ্জ)

পরিচালক (হুজ্জ),
ঢাকা হুজ্জ অফিস
আশকোনা, ঢাকা।

নং-বাহমি/হউ/এইচএমও-০৫/২০১২/২১৭

তারিখ : ১৬.০৬.২০১৪ খ্রিঃ

সদয় অসগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মান্যবর রাষ্ট্রপুত্র, বাংলাদেশ দূতাবা, রিয়াদ।
- ০৩। কনসাল জেনারেল, বাংলাদেশ কনসুলেট জেনারেল, জেদ্দা।
- ০৪। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ আসাদুজ্জামান)
কাউন্সেলর (হুজ্জ)